



ST. LAWRENCE HIGH SCHOOL
A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION



Study Material – 2

Subject: Bengali

শ্রেণী সপ্তম

Date: 05-May-20

পাঠ - দেবতার বিদায় - রবীন্দ্রনাথ ঠাকুর

কবি পরিচিতি:

রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম ১৮৬১ খ্রিস্টাব্দের ২৫শে বৈশাখ কলকাতার জোড়াসাঁকোর ঠাকুর পরিবারের। পিতার নাম মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর। মায়ের নাম সারদা দেবী। মাত্র ১৩ বছর বয়সে তাঁর প্রথম কবিতা প্রকাশিত হয় সারাজীবন তিনি সাহিত্যের জন্য নিজেকে উৎসর্গ করেন। কবিতা ছাড়াও ছোট গল্প, উপন্যাস, নাটক, প্রবন্ধ রচনা করেন, তার উল্লেখযোগ্য সৃষ্টি মানসী, সোনার তরী, চিত্রা, বলাকা প্রভৃতি কাব্য। দেনাপাওনা, পোস্টমাস্টার, স্ত্রীরপত্র, শেষ কথা প্রভৃতি তাঁর উল্লেখযোগ্য ছোটগল্প। চোখের বালি, নৌকাডুবি, ঘরে বাইরে, শেষের কবিতা প্রভৃতি বিখ্যাত উপন্যাস। মুক্তধারা, রক্তকরবী, কালের যাত্রা, বিসর্জন প্রভৃতি তাঁর লেখা নাটক। গীতাঞ্জলি কাব্যগ্রন্থের জন্য তিনি ১৯১৩ খ্রিস্টাব্দে নোবেল পুরস্কার লাভ করেছিলেন। এই বিশ্বকবির মহাপ্রয়াণ ঘটে ১৯৪১ খ্রিস্টাব্দের ২২ শে শ্রাবণ।

বিষয়বস্তু:

দেবতার অধিষ্ঠান কেবলমাত্র সুরম্য সুসজ্জিত দেবালয়ে নয়। মানুষের মধ্যেই তার প্রকৃত বাস। ধূলিমাখা, নোংরা পোশাক পরিহিত, শীর্ণ দেহের অধিকারী যে ভিখারিকে দেখে আমরা ঘৃণায় মুখ ফিরিয়ে নিই, তার মধ্যেই অবস্থান করছেন আমাদের আরাধ্য দেবতা। একথাই কবিতায় প্রকাশ করেছেন কবি। তাই ভিখারিকে অপবিত্র বলে দূরে সরিয়ে দিলে, প্রকৃতপক্ষে যে দেবতা কে দূরে সরিয়ে দেওয়া হয় তাই কবিতার ছত্রে ছত্রে প্রকাশিত।

এই কবিতার পুরোহিত মন্দিরের তথাকথিত শুচিতা ও পবিত্রতা অক্ষুণ্ন রাখার জন্য মন্দির প্রাঙ্গণে শুয়ে থাকা, ধূলিধূসরিত পোশাক পরিহিত, শীর্ণ দেহের দীন দরিদ্র ভিখারিকে মন্দির থেকে বের করে দিয়েছিলেন।

পরমুহূর্তেই ছদ্মবেশী দেবতা স্ব মূর্তি ধারণ করলে পুরোহিত অবাক হয়ে দেখলেন ওই মানুষটিই তার আরাধ্য দেবতা। পুরোহিতের জ্ঞানচক্ষু খুলে দিলেন তিনি।

শব্দার্থ:

প্রবীণ : বার্ধক্যের পূর্ব অবস্থা

নিশি দিন : দিন রাত্রি

জপমালা : যে মালা দিয়ে ইস্ট নাম জপ করা হয়

পশিল : প্রবেশ করল

ঠাই : জায়গা

সসংকোচ : অত্যন্ত সংকোচের সঙ্গে

জীর্ণ : ক্ষয়প্রাপ্ত

নিমেষে : মুহূর্তের মধ্যে

দীন : দরিদ্র

ছলিল : ছলনা করলো

সংক্ষিপ্ত ব্যাখ্যা ধর্মী প্রশ্নাবলী:

১/ভক্ত প্রবীণ কথার অর্থ কি?

উ: ভক্ত প্রবীণ বলতে সেই প্রবীণ ভক্তকে বোঝানো হয়েছে।

২/ভক্ত প্রবীণ কোথায় থাকতো ?সে সারাদিন কি করত?

উ: ভক্ত প্রবীণ মন্দিরে থাকতো সে সারাদিন জপমালা জপ করতো।

৩/ভিখারি কোন মূর্তি ধরল?

উ: ভিখারি দেবতার মূর্তি ধরেছিল।

৪/দেবতা কোন রূপে ঘুরে বেড়ান?

উ: দেবতা দরিদ্র রূপে ঘুরে বেড়ান।

৫/"প্রভু মোরে কি ছল ছলিলে" কে কাকে একথা বলেছিলেন?

উ: রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা দেবতার বিদায় কবিতার ভক্ত প্রবীণ ছদ্মবেশধারী ভিখারি রূপী দেবতা কে একথা বলেছিলেন।

৬/তিনি তাকে কিভাবে ছলনা করেছিলেন?

উ: দেবতা এক ভিখারির বেশে মন্দিরে প্রবেশ করেছিলেন কিন্তু ভক্ত প্রবীণ কাকে অপবিত্র বলে দূর হয়ে যেতে বলেন।

৭/"গৃহহীনে গৃহ দিলে আমি ঘরে থাকি ঘরে "কে কাকে একথা বলেছিলেন?

উ: রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা দেবতার বিদায় কবিতা ছদ্মবেশী দেবতা ভক্ত প্রবীণ কে একথা বলেছিলেন।

Teacher's Name: Antara Ghosh